



প্রায় বিনামূল্যে স্কুল ভবন বিক্রি ?



বিপিন রায় প্রাথমিক বিদ্যালয় ভবনটি ভেঙ্গে ফেলা হচ্ছে



ভেঙ্গেপড়া মধ্য বাসাবো মন্দির প্রাথমিক বিদ্যালয়টি

॥ ইনকিলাব রিপোর্ট ॥

দু'টি খবর। দু'টিতেই অভিযোগ। প্রথমটি হচ্ছে, প্রায় বিনামূল্যে স্কুল ভবন বিক্রি করে দেয়া। অপরটি হচ্ছে, নড়বড়ে স্কুল ঘর ভেঙ্গে পড়া।

ঢাকার ফরিদাবাদ এলাকার অধিবাসীদের অভিযোগ তাদের এলাকার বিপিন রায় সরকারী প্রাথমিক বিদ্যালয় ভবনটিকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ নিলামের নামে প্রায় বিনামূল্যে বিক্রি করে দিয়েছেন বলে প্রকাশ। দোতলা ঐ বিদ্যালয় ভবনটিতে ১১টি কক্ষ রয়েছে। সমানসংখ্যক দরোজা-জানালাও রয়েছে। জনগণের অভিযোগ নিলাম ডাকের নাম করে স্থানীয় প্রাথমিক শিক্ষা কর্তৃপক্ষ ঐ ভবনটিকে মাত্র ২২ হাজার ৫শ' টাকায় কর্তৃপক্ষের সাথে "গোপন আতাতকারী" এক ব্যক্তির নিকট বিক্রি করে দিয়েছেন। স্থানীয় জনগণ বলতে পারেন না কবে কোন দিন কোথায় নিলাম ডাকার নোটিশ শেষ পঃ ৩-এর কঃ দেখুন

স্কুল ভবন

প্রথম পৃষ্ঠার পর

দেয়া হয়েছিল। 'খব' ভাড়াছড়ো করে মাত্রই আশা ঘটায় মধ্যে নিলাম ডাক শেষ করা হয়েছে বলে জনগণ অভিযোগ করেছেন। তাদের মতে, ভবনের দরোজা-জানালাগুলোর মূল্যই ২২ হাজার টাকারও বেশী হতে পারতো। বিদ্যালয় ভবনের ছাদ দিয়ে পানি পড়ে এ অজুহাতে নতুন করে গড়ার জন্যই এ ব্যবস্থা নেয়া হয়েছে বলে জানা যায়। দ্বিতীয় ঘটনাটি ঘটেছে বাসারোতে 'মন্দির প্রাইমারী স্কুল' নামে পরিচিত একটি প্রাথমিক বিদ্যালয়ে। গতকাল, সকালে তাতে ক্লাস চলাকালে তা হঠাৎ ভেঙ্গে পড়ে। কোন হতাহতের খবর পাওয়া যায়নি। তবে সেটি বিস্ময় ছিল না। ভাঙ্গা বেড়ার টিনের ঘরই ছিল। দীর্ঘদিন কর্তৃপক্ষের অবহেলার কারণেই গতকাল তা ভেঙ্গে পড়েছে বলে জানা গেছে।